

# ক্যালকেরিয়া সালফিউরিকা ।

( Calcaria Sulphurica )

সালফেট অফ ক্যালসিয়াম, প্লাষ্টার অব প্যারিস ইহার নামান্তর । C. S. দ্বারা সাংকেতিক নাম বুঝায় । সংক্ষেপে ইহাকে ক্যাল্ সাল্ফ্ বলে ।

ইহাকে পূঁজোৎপাদক শত্রু বলা হয় কারণ ইহা দেহে থাকিলে কখনই পূঁজ উৎপাদন হইতে পারে না । পূঁজ উৎপন্ন বন্ধ করিতে ইহার সমকক্ষ আর কেহ নাই । এই ঔষধ টীসু মধ্যস্থ অকস্মণ্য সমস্ত পদার্থকে পরিষ্কার করিয়া সুস্থ অবস্থায় আনয়ন করে । পূঁজের সঙ্গে ইহার খুব ঘনিষ্ঠ সম্পর্ক আছে । তবে সর্বদা লক্ষ্য রাখিতে হইবে যে ইহার পূঁজ দুর্গন্ধহীন এবং পূঁজে রক্তের আভা থাকে । কোন কোন সময়ে সাদা পূঁজও বাহির হয় । দীর্ঘ দিনের পূঁজস্রাব নিবারণ করিতে এর চেয়ে ভাল ঔষধ আর নাই ।

বসন্ত, ফোড়া, বাঘী, দূষিত ক্ষত, ঘা প্রভৃতিতে পূঁজ জন্মিলেও এই ঔষধ ব্যবহারে পূঁজ শুকাইয়া যায় । প্রমেহ

রোগে যদি পুঞ্জের মত শ্রাব হইতে থাকে তবে নিঃসঙ্কোচে এই ঔষধ ব্যবহার করিবেন।

ছুগন্ধবিহীন যে কোন পুঞ্জশ্রাব নিবারণে ইহার ক্ষমতা অসীম।

### মানসিক লক্ষণ :-

মানসিক অবস্থার পরিবর্তন এই ঔষধের প্রধান লক্ষণ। এইমাত্র ঢাকায় যাইতে ইচ্ছা হইল পাঁচ মিনিটের মধ্যেই “না আর যাইবনা” বলিল। স্মৃতিশক্তি লোপ পায়।

মস্তক :- মাথায় ঘা হইলে, তাহার উপর শক্ত চাপ্‌টি পড়িলে এবং তাহার তলায় গাঢ় পুঞ্জ বা রক্তমিশ্রিত পুঞ্জ থাকিলে এই ঔষধ ব্যবহারে সারিয়া যায়।

মস্তকের ক্ষত চুলকাইলে রক্ত পড়ে বা পুঞ্জ বাহির হয় তবে এই ঔষধের কথা স্মরণ করিবেন।

দন্ত :- দাঁতের গোড়া দিয়া রক্ত পড়িলে বা পুঞ্জ পড়িলে ইহা ব্যবহারে উপকার দর্শে।

কর্ণ :- কান দিয়া গাঢ় পুঞ্জ বা রক্তমিশ্রিত পুঞ্জ পড়িলে ইহা ব্যবহার করিলে উপকার হইবে। কানের চারিদিকে ঘা হইয়া মামড়ী পড়িলে ইহা ব্যবহার করিবেন। কর্ণমূলে প্রদাহ উপস্থিত হইয়া তাহাতে পুঞ্জ হইলে ইহার কথা স্মরণ করিবেন। পুঞ্জ উৎপন্ন হইবার আগে ব্যবহারে ফোঁড়া বসিয়া যায়।

নাসিকা :- সর্দি অত্যন্ত গাঢ় হইলে, সর্দির সহিত রক্ত পড়িলে ইহা উপকারী। হলুদ বর্ণের সর্দিতে ইহা ব্যবহার করিবেন।

পেট :—সাদা পঁজের মত আম বা রক্তমিশ্রিত আম  
পড়িলে ইহা ব্যবহার করিতে ভুলিবেন না।

জননেদ্রিয় :—মেহ, প্রমেহ রোগে যদি গাঢ় পঁজের মত  
শ্রাব নিগত হয় তাহাতে ক্যালকেরিয়া সাল্ফ উপকারী।  
পুরাতন সিফিলিস রোগেও ইহা প্রয়োগ করা যায়। স্ত্রীলোকের  
হলুদ রংএর বা রক্তমিশ্রিত শ্বেতপ্রদর শ্রাব হইলে ইহা ব্যবহার  
করিবেন উপকার দর্শিবে।

ঋতু পরিবর্তনে, ঠাণ্ডায়, ঠাণ্ডা জলে রোগের বৃদ্ধি ;  
খোলা বাতাসে, গরম ও গরম বাতাসে উপশম ইহার প্রধান  
লক্ষণ।

শক্তি—৬X, ১২X, ৩০X, ২০০X ব্যবহার্য।

উপদেশ :—পঁজ পড়িতে থাকিলে যে কোন ক্ষতে ইহা  
নির্বিঘ্নে ব্যবহার করিবেন।